জিহাদের ইসলামী নীতি

মাওলানা মাস্‌উদ আযহার

অনুবাদ : সৈয়দ মবনু

জিহাদের ইসলামী নীতি

মূল

মাওলানা মাসউদ আযহার

অনুবাদ

সৈয়দ মবনু

অধ্যয়ন

২/১ জামে মসজিদ মার্কেট, বন্দরবাজার, সিলেট।

মোবাইল ০১৭১ ১২৬০৮৩

মাওলানা মাসউদ আযহারের জীবন ও কর্ম

জাতিসংঘের কাছে আমরা কেন দাবী করবো? জাতিসংঘের কি বসনিয়ার পঁচিশ হাজার মাসুম বাচ্চাদের রক্ত দৃষ্টিতে আসছে না? জাতিসংঘের (মহাসচিব) বুট্রোস ঘালির কি কাশ্মিরে প্রবাহিত রক্ত যা সমুদ্রের পানিকে লালে লাল করে দিয়েছে, তা দৃষ্টিপাত হচ্ছে না? ওরা গোটা বিশ্বে খৃষ্টান আর ইহুদীদেরকে পৃষ্ঠপোষকতা করছে। আজ যদি গোটা বিশ্বে প্রকৃত কোন এতিম থেকে থাকে তবে সে হচ্ছে বিশ্বনবী হযরত মোহাম্মদ (সা.) এর উম্মত; যাদের মাথায় সান্ত্বনার হাত রাখার মত আজ কেউ নেই। যাদের মা-বোনেরা অন্যায়ভাবে ধর্ষণের শিকার হয়ে বাচ্চা জন্ম দিতে দিতে মৃত্যুবরণ করছে যাদের গর্ভবর্তী মহিলারাও গণহারে ধর্ষণের শিকার হচ্ছে, কিন্তু প্রতিবাদ কিংবা প্রতিরোধকারী কেউ নেই এটা আমাদের অপরাধ এবং এজন্য আমরাই অপরাধী। আমাদেরকে মহানবী (সা.) জিহাদ শিখিয়েছিলেন এবং তলোয়ার আর ঘোড়া দিয়েছিলেন বোখারী শরীফ হাতে নিয়ে দেখুন; মহানবী (সা.) নিজের উত্তরাধিকারীদের মধ্যে অস্ত্র-শস্ত্র ছাড়া অন্য কিছুই রেখে যাননি। হে আমার মুজাহিদ বন্ধুগণ! সংকল্প করুন; ইসলামের সকল মাসয়ালার জন্য নিজের প্রাণের নজরানা দেবেন, নিজের রক্ত প্রবাহিত করবেন তবু শত্রুর সামনে নিজের অস্তিত্বকে বাঁকা হতে দেবে না। (মুজাহিদ কমান্ডার জেনারেল মাওলানা মাসউদ আজহার)

ইমামে আজম হযরত আবু হানিফা ও ইমাম আহমদ বিন হাম্বল (র.) এর রূহানী সন্তান, বৃটিশ বিরোধী আন্দোলনে মালটার জেলে বন্দী মুজাহিদে মিল-াত শায়খুলহিন্দ হযরত মাওলানা মাহমুদুল হাসান এবং দেওবন্দ মাদ্রাসার প্রতিষ্ঠাতা হযরত মাওলানা কাসেম নানতুবী (র.)এর বিপ্লবী উত্তরাধিকারী, বালাকোটের মুজাহিদ কমান্ডার জেনারেল সৈয়দ আহমদ শহীদ ও শাহ ইসমাইল শহীদ (র.) এর জিহাদী দর্শনের বাহক, মিসরের কারাগারে শহীদ সৈয়দ কুতুব (র.), আমেরিকার জেলে বন্দী অন্ধ আলেম ওমর আব্দুর রহমান প্রমুখদের পথের পথিক, ইতিহাসের জিহাদী বন্দীদের এক নক্ষত্র হযরত মাওলানা মাসউদ আজহার। কাশ্মীরের রাজধানী শ্রীনগর থেকে ইসলামাবাদ যাওয়ার পথে ১৯৯৪ সনের ১০ ফেব্রুয়ারী ভারত সরকারের গোয়েন্দা পুলিশ তাঁকে গ্রেফতার করে। তখন তাঁর সাথে ছিলেন আন্তর্জাতিক হরকতুল আনসারের কমান্ডার শায়েখ সাজ্জাদ শাহেদ। এরপর থেকে দীর্ঘদিন তিনি ভারতের জেলে ছিলেন। ভারত সরকার তাঁর উপর বিভিন্ন প্রকার নির্যাতন চালিয়েছে। মাওলানা মাসউদ আযহার ১৯৯৩সনে এক সংক্ষিপ্ত সফরে

ইংল্যান্ড গিয়েছিলেন। ১৯৯৪সনে ২৬ জানুয়ারী তিনি লন্ডন থেকে দিল্লী হয়ে কাশ্মীরে পৌছেন এবং ১০ ফেব্রুয়ারী তাঁকে গ্রেফতার করা হয়। মাওলানা মাসউদ আযহারের জন্ম ১৯৯৮সনে পাকিস্তানের বাহাওয়ালপুরের এক ধার্মিক ও জ্ঞানী পরিবারে। তাঁর শ্রদ্ধেয় পিতা আল্লাহ বখত সাবর ছিলেন বাহাওয়ালপুর সরকারী স্কুলের প্রধান শিক্ষক। ক্লাশ সেভেন পর্যন্ত তিনি তাঁর পিতার স্কুলে পড়েন। তাঁর পিতার একান্ত ইচ্ছায় এরপর তিনি মাদ্রাসায় ভর্তি হয়ে যান। তাঁর মাদ্রাসা জীবন শুরু হয় আল্লামা বিন নূরী শহরের প্রসিদ্ধ মাদ্রাসা জামেয়া উলুমে ইসলামিয়ায়। বাহাওয়ালপুর থেকে আল্লামা বিন নূরী শহর বেশ দূরে, তাই তাঁকে মাদ্রাসার হোষ্টেলে থেকে লেখাপড়া করতে হয়। মাদ্রাসার প্রিন্সিপাল শায়েখ মুফতি আহমদুর রহমানের সহবতে থেকে মাসউদ আযহার লেখা পড়ার সাথে সাথে নিজের ব্যক্তিত্বকে গড়ে তোলেন। ছাত্রজীবনে তিনি মাদ্রাসায় সকল শিক্ষকের স্নেহভাজন ছিলেন। বিশেষ করে মুফতি ওয়ালী হোসেন, মাওলানা ইদ্রিস, ড. আব্দুর রাজ্জাক ইসকান্দার, মাওলানা মোহাম্মদ সাহেব, মাওলানা রেজাউল হক প্রমুখ। শিক্ষকগণ তাকে অত্যন্ত স্নেহ করতেন উর্বরমেধা এবং উন্নত চরিত্রের জন্য। ক্লাশে তিনি সর্বদা প্রথম স্থানের অধিকারী ছিলেন। মাদ্রাসার সাহিত্য ও বক্তৃতা প্রতিযোগিতায় সবসময় তিনি প্রথম স্থানে থাকতেন। ইসলামী জ্ঞান অর্জনে তিনি যতই অগ্রসর হচ্ছিলেন ততই তাঁর চরিত্র উন্নতির দিকে অগ্রসর হতে লাগলো। ছাত্র জীবনেই তিনি করাচীর দিল্লী কলোনী জামে মসজিদে জুম্মার খতিবের দায়িত্ব প্রাপ্ত হন। তাঁর খুৎবাহ শুনার জন্য অনেক দূর-দূরান্ত থেকে মুসল্লীরা আসতেন। নামাজ শেষে অনেকেই তাঁর কাছে সমবেত হতেন বিশেষ নসীহতের জন্য। মুসল্লীরা তাঁকে খুবই ভালোবাসতেন। জীবনে যে কেউ একবার তাঁর সহবত পেয়ে গেছেন তিনি আর ভুলতে পারেননি। মাওলানা মাসউদ আযহার নিজে যা বলতেন প্রথমে তা নিজের মধ্যে প্রতিষ্ঠিত করতেন। জামেয়া উলুমে ইসলামিয়া থেকে তিনি টাইটেল দিয়ে প্রিন্সিপাল মুফতি আহমদুর রহমানের নির্দেশে উক্ত মাদ্রাসায়ই শিক্ষকতা শুরু করে দেন। এই সময় আফগানিস্তানে রুশ বাহিনীর সাথে মুজাহিদদের প্রচন্ড লড়াই চলছে। আফগানিস্তান থেকে মুজাহিদ কমান্ডার আখতার মোহাম্মদকে পত্র মাধ্যমে মাওলানা মাসউদ আযহার জিহাদে অংশগ্রহণের আহবান জানান (শহীদ আখতার মোহাম্মদ গরদিজে শত্রুর বুলেটের আঘাতে শাহাদরতবরণ করেন)। ইতিমধ্যে হরকতুল মুজাহিদিনের আমীর মাওলানা ফয়জুর রহমান খলীল আফগানিস্তান থেকে জামেয়া উলুমে ইসলামিয়ায় আসেন। মাদ্রাসার ছাত্র শিক্ষকদের সামনে আগফানিস্তানের জিহাদের বর্ণনা দিয়ে সবাইকে

জিহাদে অংশগ্রহণের আহবান করেন। তাঁর আহবানে প্রিন্সিপাল মুফতি আহমদুর রহমান সাহেব মাদ্রাসার ছাত্রদেরকে জিহাদের প্রশিক্ষণের জন্য হরকতুল জিহাদ আল ইসলামীর জিহাদ প্রশিক্ষণ ক্যাম্পে পাঠিয়ে দেন। ওদের অনেকই আফগান জিহাদে বীর বিক্রমের মতো লড়াই করে শাহাদতের সৌভাগ্য অর্জন করেছেন। মাওলানা মাসউদ আযহার প্রথমে সেখানে থেকে জিহাদ প্রশিক্ষণ দিয়ে করাচীতে চলে আসেন। মাওলানা ফয়জুর রহমানের জিহাদী প্রশিক্ষণে মাসউদ আযহারের মাটির শরীর যেন বিশুদ্ধ স্বর্ণ হয়ে গেলো। এরপর পাল্টে গেলো তাঁর জীবনের লক্ষ্য-উদ্দেশ্য। শিক্ষকতায়, ইবাদত, বক্তৃতা, রচনা ইত্যাদিতে তিনি জিহাদ ফি সাবিলিল্লাহ আর কিতাল ফি সাবিলিল্লাহর জয়ধ্বনি উচ্চারণ করতে লাগলেন। এমন অবস্থায় সর্বমোট তিনি জামেয়া উলুমে ইসলামিয়ায় দু'বছর শিক্ষকতা করেন। করাচীর দিল্লী কলোনী মসজিদে জুম্মার খুৎবাহসহ সপ্তাহে তিনি আরো দু'টি প্রশিক্ষণ সভা করতেন। এর মধ্যে একটি ছিলো শুধু মহিলাদের জন্য। ইতিপূর্বে তাঁর মজলিসগুলোতে ঈমান, আত্মশুদ্ধি ও সুফিয়ানা কথার গুরুত্ব ছিলো বেশি। কিন্তু আফগান থেকে ফিরে ঐ সবের সাথে সাথে শুধু জিহাদ ও কিতাল ফি সাবিলিল্লাহর গুরুত্ব বর্ণনা করতে শুরু করেন। না শুধু মুখ দিয়ে বললেই চলবে না। জিহাদের ফজিলত ও গুরুত্ব প্রচারের জন্য সাহিত্য সৃষ্টি করতে হবে। তাই তিনি ১৯৯০ সনে 'সদা এ মুজাহিদ' (মুজাহিদদের আওয়াজ) নামের পত্রিকা প্রকাশের সিদ্ধান্ত নেন। তাঁর প্রচেষ্টায় শেষ পর্যন্ত হরকতুল মুজাহিদিনের মাসিক পত্রিকা 'সদা এ মুজাহিদ' নিয়মতান্ত্রিক হয়ে গেলো। পরবর্তীতে তা বিশ্বব্যাপী বিভিন্ন ভাষায় প্রকাশিত হতে থাকে। শিক্ষকতা জীবনে মাওলানা মাসউদ আযহারের প্রতিদিনের রুটিন ছিল সকাল থেকে জোহর পর্যন্ত মাদ্রাসার বিদেশী ছাত্রদেরকে আরবী শিক্ষাদান, বাদজোহর থেকে আসর পর্যন্ত মাদ্রাসার বিভিন্ন কাজ সম্পাদন, বাদআসর থেকে রাত্রের অধিকাংশ সময় তিনি জিহাদ ফি সাবিলিল্লাহর কাজে ব্যস্ত থাকতেন। তাঁর এখলাসিয়ত-লিল্লাহিয়ত ও জিহাদী অনুপ্রেরণা গোটা পাকিস্তানে তাঁকে মকবুল করে দিয়েছিল। আফগানিস্তানের সকল মুজাহিদ কমান্ডার তাঁকে অত্যন্ত স্নেহ করতেন। জিহাদের প্রচার, মুজাহিদদের সহযোগিতা ইত্যাদি যদিও জিহাদের সমমর্যাদা রাখে কিন্তু ময়দানে গিয়ে জিহাদ করায় মজা অন্য রকম। যে তাঁর জীবনকে জিহাদ ফি সাবিলিল্লাহর জন্য সত্যই উৎসর্গ করে দিয়েছে, ময়দানে শত্রুর সামনাসামনি না হওয়া পর্যন্ত তার মনে শান্তি আসতে পারে না। মাওলানা মাসউদ আযহারের অবস্থাও হলো তাই। তাই তিনি চলে গেলেন আফগানিস্তান। বারবার তিনি ফ্রন্টলাইনে রুশবাহিনীর সাথে লড়াই করেছেন।

রুশ বাহিনীর বারুদের আঘাতে তার বাম পা গুরুতর জখম হয়। দীর্ঘ বিশ দিন তিনি চিকিৎসাধীন ছিলেন। এরপরও ঘরে বসে থাকেননি। আফগানিস্তান স্বাধীন হওয়ার পূর্বপর্যন্ত তিনি সেখানে ফ্রন্টলাইনেই ছিলেন। আফগান স্বাধীন হওয়ার পর তাঁর মাথায় কাশ্মীরের চিন্তা শুরু হলো, শুধু কাশ্মির নয় বিশ্বের মজলুম মুসলমানদের মুক্তির জন্য তিনি জীবনকে উৎসর্গ করে দিলেন। ইতিমধ্যে হরকতুল মুজাহিদিন নাম পরিবর্তন করে হরকতুল আনসার রাখা হলো। তিনি জিহাদ ফি সাবিলিল্লাহর দাওয়াত নিয়ে পাকিস্তানের সকল প্রদেশসহ আরব বিশ্ব, আফ্রিকা, ইউরোপ সফর করেন। মাওলানা মাসঊদ আযহার তথাকথিত মাওলানা-মৌলভী কিংবা ইসলামী বিপ্লবের মুখোশধারী যারা জিহাদে না যাওয়ার বিভিন্ন অজুহাত তৈরী করে শুধু শুধু দাওয়াত খেয়ে নিজেদের ভূঁড়ি মোটা করেন, মিষ্টি মিষ্টি সুন্নতের কথা বলে গলাবাজী করেন, জিহাদকে বাদ দিয়ে কৌশল অবলম্বনের নামে কোরআনের অপব্যাখ্যা করেন, তাদের কট্টর সমালোচক। যারা কিতাল ফি সাবিলিল্লাকে বাদ দিয়ে জিহাদের কথা বলে তাঁর মতে ওরা ইসলাম এবং মুসলমানের শত্রু। তাঁর মতে, জিহাদের মূল অর্থই হচ্ছে কিতাল ফি সাবিলিল্লাহ। আজ মুসলমানদের মধ্যে এর আমল না থাকায় গোটা বিশ্বে মুসলমানরা নির্যাতিত। তিনি আরো বলেন, মূর্খতাবশত কিংবা প্রাণের ভয়ে আমাদের তাবলিগ জামাতের কিছু ভাই জিহাদের বিরোধীতা করেন, অথচ তাবলীগি নেসাব বা ফাজায়েলে আমলের বেশিরভাগ অধ্যায়ই শায়খুল হাদিস হযরত মাওলানা জাকারিয়া (র.) জিহাদের গুরুত্ব বর্ণনা করেছেন। মাওলানা মাসউদ আযহারের কোরআন, হাদিস, ইতিহাসকেন্দ্রিক এবং বর্তমান অবস্থার আলোকে বক্তব্যগুলো সত্যই মুসলিম যুবকদের ঘুমেরনেশা ভেঙ্গে দিয়েছে। মাওলানা মাসউদ আযহার যেমন সুবক্তা তেমনি উর্দু সাহিত্যের একজন উন্নতমানের সাহিত্যিক। উর্দু ভাষায় তাঁর রচিত অসংখ্য গ্রন্থ রয়েছে। তাঁর লেখা বেশ কিছু গ্রন্থ ইংরেজী, বাংলাসহ বিশ্বের বিভিন্ন ভাষায় ভাষান্তরিতও হয়েছে। 'মাসিক সদা-এ-মুজাহিদ' তাঁরই সম্পাদনায় পাকিস্তানসহ বিশ্বের বিভিন্ন দেশে প্রচার ও প্রসারিত হয়েছিলো।

মাওলানা মাসউদ আজহারের সাহিত্য ও বক্তব্যে যেমন স্থান পেয়েছে জিহাদ, কিতাল ও মজলুম মুসলমানদের বর্তমান অবস্থা তেমনি পেয়েছে সুন্নতের আনুগত্য, আল্লাহর ইবাদত, রাসুল (সা.) এর ভালোবাসা, নিজেদের পাপের উপর চিন্তা এবং সংশোধনের পথ, আমলের অনুপ্রেরণা, মানব সেবা, আল্লাহর উপর বিশ্বাস ও ভরসা ইত্যাদি বিষয়ও। মাওলানা মাসউদ আযহারের স্পর্শ যেখানেই লেগেছে সেখানেই জিহাদের জয়ধ্বনি

শুরু হয়ে গেছে। তাঁর সংস্পর্শে ইতিমধ্যে ভারতের জেলেও জিহাদের কাজ শুরু হয়েগিয়েছিলো। ভারত সরকার কর্তৃক জেলে মাওলানা মাসউদ আযহারের উপর এত নির্যাতন হওয়ার পরও তিনি অটল থেকেছেন তাঁর নিজের বিশ্বাসের উপর। নির্যাতন আর মৃত্যুর ভয়ে এখনো তিনি মাথানত করেননি। জেল থেকে তিনি ভারত সরকারের প্রতি হুশিয়ারী জানিয়ে দিয়ে ঘোষণা করেছিলেন, 'এই ব্রাহ্মণ্যবাদীরা! মুজাহিদদেরকে দূর্বল মনে করো না, যদি তোমরা একটি গুলি চালাও মুসলমানদের উপর তবে মুজাহিদরা এর উত্তর রকেট লাঞ্চারের মাধ্যমে দেবে'। ১৯৯৪ সালের ১০ ফেব্রুয়ারী দুপুর সাড়ে বারোটায় মাওলানা মাসউদ আযহারকে ভারত সরকার বন্দী করেছে সত্য, কিন্তু বন্দী করতে পারেনি তাঁর জিহাদী কাফেলা এবং হাজার হাজার ক্যাসেট। বিশ্বের ঘরে ঘরে আজ তাঁর ক্যাসেট,বই এবং বক্তব্যের মাধ্যমে মাসউদ আযহার বেড়েই চলছে। মাওলানা মাসউদ আযহার প্রথমে ছিলেন কাশ্মীর জেলে, পরবর্তীতে দিল্লীর তেহার জেলে। অতঃপর ছয় বছর ছব্বিশ দিন পর কয়েকজন যুবক অলৌকিক বিমান ছিনতাইয়ের মাধ্যমে তাকে ভারতের জেল থেকে মুক্ত করেন। আমেরিকার নির্দেশে পাকিস্তানের মুশারফ সরকার তাকে বেশ কয়েকবার বন্দী করলেও সাধারণ মানুষের প্রতিবাদের মুখে আটকিয়ে রাখতে পরেনি। বর্তমানে তিনি পাকিস্তানেই আছেন। তবে স্বৈরাচারী সামরিক শাসনের কাছে কিছুটা গৃহবন্দীর মতো আছেন।

("ভারতের জেল থেকে মুজাহিদ কমান্ডার মাসউদ আজহারের কণ্ঠ" শিরোনামে ১৯৯৬ ইংরেজীর ২৭ নভেম্বর ৩ ডিসেম্বর সংখ্যা সাপ্তাহিক মুসলিম জাহানে আমার এই লেখাটি প্রকাশিত হয়েছিল। তখন মাওলানা মাসউদ আযহার ভারতের জেলে বন্দী ছিলেন। সময়ের ব্যবধানে কিছুটা পরিবর্তন করে তা পাঠকের সামনে উপস্থাপন করা হলো। অনুবাদক)

نحمده ونصلي على رسوله الكريم

اما بعد! فاعوذ بالله من الشيطن الرجيم بسم الله الرحمن الرحيم

فقاتل في سبيل الله لا تكلف الا نفسك وحرض المؤمنين عسى الله ان يكف باس الذين كفروا والله اشد باسا واشدتنكيلا. (النساء: ٨٣)

وقال النبي صلى الله عليه وسلم: امرت ان اقاتل الناس حتي يشهدوا ان لا اله الا الله وان محمدا رسول الله.

وقال رسول الله صلى الله عليه وسلم: من لقى الله بغير اثر الجهاد لقى الله وفيه ثلمه. (ترمذی: ج ١ ص ٢٠٠)

যে কাজের সম্পর্ক পবিত্র কোরআনের সাথে, যে কাজের নির্দেশ এসেছে স্বয়ং মহানবী (স.) এর কাছ থেকে, তা বুঝা এবং মান্য করার ব্যাপারে মুসলমানদের একটুও গাফেল হওয়া উচিৎ নয়। ইসলামে জিহাদ একটি গুরুত্বপূর্ণ ফরজ। পবিত্র কোরআনে এ সম্পর্কে প্রচুর আয়াত রয়েছে। এ সম্পর্কে প্রচুর হাদিসও রয়েছে। তাছাড়া স্বয়ং মহানবী (স.) নিজেও জিহাদে অংশ নিয়েছেন । তাই ইসলামে জিহাদের গুরুত্ব অত্যন্ত।

সাহাবায়ে কেরামদের কাছে জিহাদের গুরুত্ব :

হযরত সাহাবায়ে কেরাম (রা.) গণ যখন সংবাদ পেতেন যে, অমুক স্থানে জিহাদ চলছে, সাথে সাথে সবকিছু ছেড়ে বেরিয়ে যেতেন আল্লাহর দ্বীনের হেফাজত ও শ্রেষ্ঠত্বের উদ্দেশ্যে। হযরত আবু মুসা আস'য়ারী (রা.) একদিন এক বৈঠকে হাদিস বর্ণনা কালে বলেন যে-

اعلموا ان الجنة تحت ظلال السيوف

তোমাদের জানা উচিৎ যে, বেহেস্ত তলোয়ারের ছায়ার নীচে।

(বোখারী-প্রথম খন্ড)

এই বৈঠকের শ্রোতাদের মধ্য থেকে একজন দাঁড়িয়ে জিজ্ঞাস করলো, হে আবু মুসা! আপনি স্বয়ং ওই হাদিস মহানবী (স.) এর কাছ থেকে শোনেছেন কি?

হযরত আবু মুসা আস্'য়ারী (রা.) বললেন, হ্যাঁ, আমি নিজে শোনেছি।

প্রশ্নকর্তা বললো, আমার জন্য এতটুকু শোনাই যথেষ্ট। আমি বুঝতে পেরেছি মহানবী (স.) এর উদ্দেশ্য।

সে দ্রুত বৈঠক থেকে উঠে জিহাদের ময়দানে চলে গেলো। হযরত সাহাবায়ে কেরাম (রা.)দের বর্ণনানুসারে- ঐ ব্যক্তি আর জিহাদ থেকে ফিরে আসেনি। তার প্রাণহীন শরীর এসেছে। সে জিহাদ করতে করতে আল্লাহর রাস্তায় শহীদ হয়ে গেছে। মুহাদ্দিসগণ تحت ظلال السيوف তলোয়ারের ছায়ার নীচে'র ব্যখ্যায় বলেছেন যে, এর দ্বারা বুঝানো হয়েছে যুদ্ধের চরমাবস্থায় অংশগ্রহণ। কারণ সেখানে তলোয়ার দিয়ে যখন ঘাত-প্রতিঘাত করা হয় তখন বেহেস্ত এবং দোজখের দরজাসমূহ খোলে দেওয়া হয়। মুসলমানদের উপর তলোয়ার লেগে যদি শহীদ হয়ে যায় তবে সোজা বেহেস্তে চলে যাবে। আর কাফেরদের উপর যদি তলোয়ার লেগে মারা যায় তবে সোজা দোজখে চলে যাবে।

একটি হাদিস শোনার সাথে সাথে হযরত সাহাবায়ে কেরাম (রা.)দের অবস্থা এমন হতো যে, যতক্ষণ প্রাণ থাকতো ততক্ষণ লড়াই করতেন। কারণ তাদের উদ্দেশ্য দুনিয়া ছিলো না। কোন কোন সাহাবা (রা.) এর ঘটনা এমন যে, ঈমান গ্রহনের সাথে সাথে জিহাদের ময়াদানে গিয়ে শহীদ হয়ে গেছেন। ওদের সম্পর্ক মহানবী (স.) জান্নাতের সুসংবাদ দিয়ে বলেছেন যে, "সামান্য আমলে ওরা বেশি প্রতিফল উপার্জন করে নিয়েছে"।

"জামেউল ফাওয়াইদ" গ্রন্থে এসেছে যে, এক জিহাদের ময়দানে কাফেরদের মধ্য থেকে এক ব্যক্তি বেরিয়ে এসে চ্যালেঞ্জ করলো; কেউ আছো কি মুসলমানদের পক্ষে আমার সাথে লড়াই করবে? তখন মুসলমানদের পক্ষ থেকে এক ব্যক্তি অগ্রসর হলেন, উভয়ের মধ্যে লড়াই শুরু হলো। কাফির লোকটি শক্তিশালী ছিলো এবং মুসলমান ব্যক্তিকে শহীদ করে দিলো। অগ্রসর হলেন দ্বিতীয় মুসলমান। কিন্তু তিনিও শহীদ হয়ে গেলেন। এরপর এই কাফির ব্যক্তি ঘোড়া চালিয়ে মহানবী (স.) এর সামনে উপস্থিত হয়ে তাঁর পবিত্র চেহারার দিকে দৃষ্টিপাত করে বলতে লাগলো, আপনি কেন আমাদের সাথে যুদ্ধ করেন? মহানবী (স.) উত্তরে বললেন, "আমি এজন্য লড়াই করি যাতে বিশ্বব্যাপী আল্লাহর কালেমা প্রতিষ্ঠিত হয়ে যায় এবং মানুষ আল্লাহর নির্দেশ অনুযায়ী চলতে থাকে।"

কাফের লোকটি বললো, এটা তো অনেক উত্তম আহবান। আমি কি তা গ্রহণ করতে পারবো?

মহানবী (স.) বললেন, হ্যাঁ, গ্রহণ করতে পারবে। সে কালেমা পড়ে মুসলমান হয়ে ঘোড়া নিয়ে আবার কাফেরদের দিকে চলে গেলো। তবে

এবার কাফেরদের উপর আক্রমণের উদ্দেশ্যে। কাফেরদের সাথে যুদ্ধ করতে করতে এই নও মুসলিম এক সময় শহীদ হয়ে গেলেন। কিছু সময় আগে যে ঈমানদারদের প্রতি আক্রমণ করছিলো, কিছু সময় পর সে ঈমান বুকে নিয়ে শহীদ হয়ে গেলো। মহানবী (স.) তাঁকে উঠালেন এবং বাকী দুই সাহাবী (রা.) এর পাশে দাফন করে দিলেন, যাদেরকে ঐ ব্যক্তি শহীদ করেছিলো ঈমান গ্রহণ করার পূর্বে। মহানবী (স.) বললেন,"কিয়ামতের দিন আল্লাহ পাক তাদের হৃদয়ে একে অন্যের প্রতি ভালোবাসা সৃষ্টি করে দিবেন। ঐ ব্যক্তি সিজদা কিংবা নামাজের কোন সময় পায়নি। কিন্তু জিহাদের আমল তাকে কোথায় থেকে কোথায় পৌছিয়ে দিয়েছে। হযরত ইমাম বোখারী (র.) এ রকম একটি বর্ণনা করেছেন তাঁর কিতাবুল জিহাদে।

অন্য এক বর্ণনায় এসেছে যে, এক জিহাদে সাহাবায়ে কেরাম যাচ্ছেন। এমন সময় এক নজদী আরবী তাদের কাছে এসে জানতে চাইলো ; তোমরা কোথায় যাচ্ছো? সাহাবায়ে কেরাম বললেন, আমরা জিহাদে যাচ্ছি। আমাদের সাথে আমাদের নবী (স.) রয়েছেন। সে জানতে চাইলো; কোন গণিমত পাওয়া যাবে কি? সাহাবায়ে কেরাম (রা.) বললেন; হ্যাঁ। পাওয়া যাবে। তবে বিজয় হলে গণিমত পাওয়া যায়।

সে ব্যক্তি গণিমতের লোভে জিহাদে শরিক হয়ে গেলো। কিন্তু জিহাদের ময়দানে এমন কিছু দৃষ্টিতে আসে যাতে বড় বড় কাফেরদেরও মন পরিবর্তন হয়ে যায়। আলাহামদুলিল্লাহ! আফগান জিহাদে আমি নিজে এমন অনেক কিছু দেখেছি। এটাতো পনেরো শ বছর পরের অবস্থা। বর্তমান সময়ে যদি এমন বিস্ময়কর অবস্থা দৃষ্টিতে আসে তবে যে সব জিহাদে স্বয়ং মহানবী (স.) উপস্থিত ছিলেন সেগুলোর অবস্থা কি ছিলো? আফগান জিহাদে যখন আমার সাথীরা ময়দানের দিকে যেতেন তখন প্রচুর অদ্ভুত ঘটনা দৃষ্টিতে আসতো। আমরা যখন ক্যাম্পে কেউ সেজদায়, কেউ তেলাওয়াতে, কেউ প্রার্থনায় শাহাদতের জন্য কাঁদছি তখন আমীর সাহেবের নির্দেশ- অমুক অমুক ময়দানে যাওয়ার জন্য প্রস্তুত হয়ে যাও। আমীর সাহেব যাদের নাম বলছেন তাদের চেহারায় আনন্দের ছাপ স্পষ্ট। যাদের নাম বলা হয়নি তারা দুঃখিত। যে সকল সৌভাগ্যবানের নাম বলা হয়েছে তারা কালাসনিকুফ কাঁধে উঠিয়ে, কোমরে বুলেটের বেল্ট লাগিয়ে প্রস্তুত। তাদের চেহারায় আশ্চর্যজনক খুশির ছাপ। যাদের নাম আসেনি তারা যাত্রীদের জিনিষপত্র তৈরি করে দিচ্ছেন। কেউ কেউ তাদের কানের কাছে গিয়ে বলছেন, 'আল্লাহর হুকুমে যদি তুমি শহীদ হয়ে যাও তবে কিয়ামতের দিন আমাকে ভুলে যেও না। আমার চেহারা দেখে নাও যাতে আমাকে চিনে সুপারিশ করতে পার। ওরা কেউ কেউ

আল্লাহর কাছে হাত উঠিয়ে বলছেন, হে আল্লাহ্! তুমি সাহায্য কর। আবার কেউ সাথীদের সাথে হেসে হেসে গল্পও করছেন। নির্দেশ হওয়ার সাথে সাথে "নারায়ে তাকবির- আল্লাহু আকবার" শ্লোগান দিয়ে মুজাহিদদের যাত্রা শুরু হয়ে গেলো। যারা যাচ্ছেন তাদেরকে দেখে-ই বুঝা যাচ্ছে যে, তারা গর্ব ও দৃঢ়তা অনুভব করছেন। শত্রুপক্ষ থেকে ধারাবাহিক বুলেট-বোমা বর্ষণ হচ্ছে। কিন্তু তারা এসবের গুরুত্ব-ই দিচ্ছেন না। ভয়ে নয় বরং সুন্নতে রাসুল (স.) হিসাবে সবার মুখে-

حسبنا الله ونعم الوكيل

হাসবুনাল্লাহা 'ওয়ানি'মাল ওয়াকিল

অর্থাৎ আল্লাহ্ আমাদের জন্য যথেষ্ট। তিনি আমাদের হেফাজতকারী।

এভাবে প্রায়-ই দেখা গেছে যে, সাথীরা যাচ্ছেন। তাদের হৃদয়ে ঈমানের নূর, মুখে জিকরুল্লাহ। হৃদয়ে শাহাদতের নেশা। একে অন্য থেকে অগ্রসর হয়ে আক্রমণের চেষ্টা করছেন। শত্রুর গুলি বর্ষণ মোকাবেলা করে বেপরোয়া এলাকার পর এলাকা বিজয় করে অগ্রসর হয়ে যাচ্ছেন। এ রকম দৃশ্যপট হয় যে, দুনিয়ায় যেন ওদের জিহাদ ছাড়া অন্য কিছুতে স্বাদ অনুভব হয় না।

আমাদের এক বড় মুফতি সাহেব জিহাদে গিয়েছিলেন। কিছুদিন তিনি সেখানে অবস্থান করেন। মাঝে মধ্যে মোকাবেলায়ও গিয়েছেন। তিনি শত্রুর দিকে গুলি বর্ষণ করার পর শত্রু যখন পাল্টা গুলি বর্ষণ করলো তখন তিনি বলতে লাগলেন; আমি বিশ বছর থেকে বায়তুল্লাহ তোয়াফে যাই। কিন্তু কখনো এত স্বাদ অনুভব করিনি যতটুকু এই এক মিনিটে পেলাম। এটা মুফতি সাহবের কোন অতিশয়োক্তি ছিলো না। বিশিষ্ট সাহাবী হযরত আবু হুমায়রা (রা.) বলেন যে, "আমি মনে করি শবে কদরে হজরে আসওয়াদের সামনে দাঁড়িয়ে এবাদত করার চাইতে বেশি উত্তম কোন জিহাদের ময়দানে মুজাহিদদের পাহারাদার হিসাবে দাঁড়িয়ে থাকা। কারণ হাদিসের মধ্যে এসেছে যে, আল্লাহর রাস্তায় কিছুক্ষণ দৃঢ়তার সাথে দাঁড়িয়ে থাকা শবে কদরে হজরে আসওয়াদের সামনে সমস্ত রাত এবাদত থেকে উত্তম। (কানজুল আমাল-কিতাবুল জিহাদ)। আমাদের এক সাথী আখতার মাহমুদ শহীদ (র.) মাত্র বিশ বছরের যুবক ছিলেন। যখন করাচী থেকে রওয়ানা দিয়েছি তখন তার চেহারায় শাহাদতের নূর স্পষ্ট হয়ে উঠলো। যখন গরদিজের যুদ্ধে যাচ্ছিলো তখন একই অবস্থা। সাথীরা তাকে বলছিলো; ভাই আখতার! যদি শহীদ হয়ে যাও তবে আমাদের জন্য সুপারিশ করবে।" উত্তরে সে বললো,

"আমি কিয়ামতের দিন তাদের জন্য সুপারিশ করবো যে আজীবন জিহাদের ময়দানে থাকে।" একদিন প্রচণ্ড বরফ বর্ষিত শীতের সকালে আখতার মাহমুদ গোসল করছে। সাথীরা জানতে চাইলো; এই প্রচণ্ড শীতে গোসলের কি প্রয়োজন? উত্তরে সে বললো; "মনে হচ্ছে আগামী কাল আমার মৃত বিবাহ"। পরের দিন শত্রুদের এক প্রচণ্ড আক্রমণে আখতার মাহমুদের বুকে গুলিবিদ্ধ হলো। হাসতে হাসতে সে শহীদ হয়ে গেলো। শাহাদতের মহরানা দিয়ে ৭২ জন নূরের সাথে তাঁর বিবাহ্ হয়ে গেলো।

যাই হোক, আমি বলতে ছিলাম যে, সাহাবায়ে কেরামদের সাথে ঐ নজদী আরবী গণিমতের নিয়তে জিহাদের ময়দানে গিয়েছিলো। যাওয়ার পথে সে কিছু অদ্ভুত ঘটনা দেখে ভাবতে ভাবতে কিংকর্তব্যকিমূঢ় হয়ে গেলো। তখন তার হৃদয়ে ঈমানের বাতি জ্বলে উঠলো এবং এক সময় মুসলমান হয়ে গেলো। মুসলমান হওয়ার পর তার ইচ্ছে হলো সর্বক্ষণ মহানবী (স.) এর নিকটে নিকটে থাকতে। কিন্তু সাহাবায়ে কেরাম তার মুসলমান হওয়ার সংবাদ না জানার কারণে তাকে মহানবী (স.) এর নিকটে যেতে দিচ্ছেন না। ওহী প্রাপক নবী অবগত হয়ে গেছেন যে, সেই ব্যক্তির ঈমান গ্রহণের কথা, তিনি বললেন, "তাকে আমার কাছে আসতে দাও। সে বেহেস্তের রাজাদের একজন।" অতঃপর ঐ ব্যক্তি কাফেরদের সাথে লড়াই করতে করতে গুরুতর আহত হয়ে গেলো। মহানবী (স.) হযরত সাহাবা কেরাম (রা.)দেরকে বললেন, 'ওকে দেখে এসো।' তারা দেখলেন সে মারাত্মক আহত অবস্থায় পড়ে আছে। কোন কোন সাহাবী চিন্তিত হয়ে গেলেন যে, একজন কাফের মুসলমানদের পক্ষে যুদ্ধ করে আহত হয়ে গেলো। মরে যদি তবে ঈমান ছাড়াই মরবে। কেউ কেউ কাছে গিয়ে জিজ্ঞাস করলেন, হে ভাই! তুমি জাতীয়তাবাদের লোভে না গণিমতের লোভে লড়ছিলে?

সে বললো, "আল্লাহর কসম, আমি শুধু আল্লাহর কালেমা প্রতিষ্ঠার জন্য লড়াই করছি।" এতটুকু বলার সাথে সাথে লোকটি শহীদ হয়ে গেলো। হযরত মহানবী (স.) নিজের হাতে ঐ ব্যক্তির লাশ কবরে রাখলেন এবং তার দিকে চেয়ে একটু হাসলেন। কিন্তু কিছুক্ষণের মধ্যে মহানবী (স.) মুখ অন্যদিকে ফিরিয়ে নিলেন। হযরত সাহাবায়ে কেরাম (রা.)গণ চিন্তিত হয়ে মহানবী (স.) এর কাছে জানতে চাইলেন, হে আল্লাহর রাসুল (স.)! আপনি এমন কি দেখলেন যার জন্য মুখ ফিরিয়ে নিলেন। মহানবী (স.) বললেন যে, তার হুরগণ এসে গেছেন।

(আত-তারগীব ওয়াত তারবীব, কিতাবুল জিহাদ)

জিহাদ এত বড় এবং শ্রেষ্ঠ ইবাদত যে, এই মাত্র মুসলমান হয়ে কোন আমল না করে শুধু শাহাদতের বিনিময় এত বড় দরজা পেয়ে গেলো। এর দ্বারা-ই প্রমাণ হয় জিহাদ কত বড় আমল। মুসলমানদের বুঝা উচিৎ যে, জিহাদের বিফলতার কোন চিহ্ন নেই।

فيقتلون ويقتلون

জিহাদের ময়দানে কাউকে কতল করলেও সফল হবে এবং তোমাকে কেউ কতল করলেও সফল হবে। যদি শত্রুর গুলির আঘাতে প্রাণ যায় তবে তো শহীদ-ই এবং যদি নিজের কোন সাথীর ভুলক্রমে আঘাত লেগে প্রাণ চলে যায় তবু শহীদ।

জিহাদের শ্রেষ্ঠত্ব :

এক সাহাবী বদরের যুদ্ধে শহীদ হয়ে গেলেন। তার মা মহানবী (স.) এর কাছে এসে জানতে চাইলেন, হে রাসূল (স.)! আমার ছেলে কি শহীদ হয়েছে? কারণ তার উপর (واصابه سهم غرب) এই রকম তীর লেগেছে যা কোন দিক থেকে এসেছে বুঝা যাচ্ছে না। তাই সন্দেহ হচ্ছে তা কোন কাফেরের দিকে থেকে এসেছে না ভুলক্রমে কোন মুসলমান সাথীর কাছ থেকে এসেছে। যদি আমার ছেলে জান্নাতবাসী হয় তবে আমি ধৈর্যধারণ করবো, নতুবা কাঁদবো। মহানবী (স.) বললেন, কি বলছো? জান্নাতে তার জন্য উচ্চ মর্যাদাসম্পন্ন স্থান রয়েছে।

وان ابنك اصاب الفردوس الاعلى

তোমার ছেলেতো জান্নাতুল ফেরদৌসের মধ্যে রয়েছে।

(বোখারী প্রথম খণ্ড)

খয়বরের যুদ্ধ সম্পর্কে এক সাহাবীর ভাষ্য হলো যে, আমার মামা এক ইহুদীর সাথে লড়াই করছিলেন। তার তলোয়ার ছোট ছিলো। (আপনারা হয়তো জানেন যে, তলোয়ার দিয়ে আঘাত করার সময় এক পা সামনে এবং এক পা পিছনে থাকে।) তিনি যখন পজিশন নিয়ে ইহুদীর উপর আঘাত করতে চাইলেন তখন ইহুদী লোকটি আত্মরক্ষা করে নিলো। ফলে আঘাত নিজের শরীরে লেগে গেলো এবং তিনি শহীদ হয়ে গেলেন। সাহাবীদের মধ্যে কেউ কেউ বলতে লাগলেন, "দুঃখজনক হলেও সত্য যে, নিজের আঘাতে মারা গেছেন। যদি কাফেরদের আঘাতে মারা যেতেন তবে শাহাদতের মর্যাদা পেতেন।" এসব কথা শোনে আমার খুব দুঃখ হলো। আমি মহানবী (স.) এর কাছে গিয়ে বললাম, হে রাসূল (স.)! লোকে আমার মামা সম্পর্কে এসব কি বলছে? এই অবস্থায় আমার মামা কি শহীদ হবেন?

মহানবী (স.) বললেন, "সাধারণ শহীদ থেকে তোমার মামার দ্বিগুণ ছোয়াব হবে। প্রথমত শাহাদতের ছোয়াব, দ্বিতীয়ত মানুষ যে তার সমালোচনা করছে সেই জন্য এবং এটাও এক শহীদের ছোয়াব।"

হযরত যাবের বিন আব্দুল্লাহ (রা.) এর পিতা ছয়জন যুবতী মেয়ে ও বেশ কিছু ঋণ থাকার পরও জিহাদে চলে গেলেন। পিতার শাহাদতের পর হযরত যাবের (রা.) মহানবী (স.) এর কাছে এসে বললেন, হে রাসূল (স.)! আমার পিতা এই অবস্থায় শহীদ হয়ে গেছেন, তার সম্পর্কে কিছু বলুন। মহানবী (স.) বললেন, তোমার পিতার অবস্থা এই রকম যে, আল্লাহ পাক এখন পর্যন্ত কারো সাথে সামনা-সামনি কথা বলেননি, وكلم اباك كفاها কিন্তু তোমার পিতার সামনা সামনি কথা হয়েছে। মহান আল্লাহ তাকে জিজ্ঞাস করলেন; কোন চাহিদা আছে কি? উত্তরে তিনি বললেন; হে আল্লাহ! আমাকে আবার দুনিয়ায় পাঠিয়ে দিন যাতে আমি গিয়ে মুসলমানদেরকে বলতে পারি শাহাদতের মৃত্যুতে কত স্বাদ ও আনন্দ। আল্লাহ বললেন- سبق منى انهم لا يرجعون সিদ্ধান্ত হয়ে গেছে আর দুনিয়ায় ফিরে যেতে পারবে না।

শাহাদতের আনন্দ :

শাহাদতের সময় কোন মুজাহিদকে হতাশ হতে দেখি নাই। বরং আমার দেখা মতো যারা শহীদ হয়েছেন তাদের সবার চেহারা হাস্যোজ্বল ছিলো। এক মুজাহিদ আহত হলেন। অন্য কিছু সাথী তাকে উঠিয়ে বললেন, কিছু উপদেশ করুন। তিনি আকাশের দিকে দৃষ্টি দিয়ে হাসতে হাসতে বললেন, "আমার উপদেশ হলো তোমরা কখনো জিহাদ ত্যাগ করবে না।" জালালাবাদের যুদ্ধে এক আরব মুজাহিদ আহত হলেন। তিনি সকল সাথীকে বললেন, তোমরা দ্রুত আমার কাছে এসো। সবাই আসার পর তিনি বললেন, আমি দোয়া করবো তোমরা আমীন বলবে। তিনি দোয়া করলেন, হে আল্লাহ! তুমি আমার সাথীদেরকেও এমন মৃত্যু দাও যা এই মুহূর্তে আমাকে দিচ্ছো।" সবাই আমীন বললেন। সাথে সাথে আরব মুজাহিদ শহীদ হয়ে গেলেন। আল্লাহ জানেন যে, এই মুজাহিদ শাহাদতের সময় কি আনন্দ উপভোগ করছিলেন যা তার সাথীদের জন্যও কামনা করে গেলেন। শাহাদতের মৃত্যু এত আনন্দের যে শহীদগণ জান্নাতে গিয়েও সে আনন্দ ভুলতে পারবে না। তাই আল্লাহর কাছে এমন প্রার্থনা করবেন যে, হে আল্লাহ্! আমাদেরকে বারবার দুনিয়ায় পাঠিয়ে দাও যাতে বারবার শহীদ হতে পারি। স্বয়ং মহানবী (স.) নিজেও এই দোয়া করতেন। অনেক বর্ণনায় আছে যে, মহানবী (স.) দোয়া করতেন-

হে আল্লাহ্! আমার তামান্না তোমার রাস্তায় আমাকে শহীদ কর, এরপর জীবন দাও, এরপর আবার শহীদ কর। এভাবে বার বার জীবন দিয়ে শহীদ কর।

জিহাদ বিমুখতা :

জিহাদ সম্পর্কে আলোচনায় তিনটি কথা সাধারণত আমি বলে থাকি, এবং তা হলো এক; জিহাদের ফজিলত, দুই; জিহাদ করা ফরজ, তিন; জিহাদ করা ওয়াজিব। আজ ময়দান ছেড়ে বিশ্বব্যাপী আমাকে যেতে হচ্ছে জিহাদের ফজিলত-ফরজিয়ত কিংবা জরুরীয়ত বলার জন্য নয়, বরং যেতে হচ্ছে- জিহাদ কাকে বলে সেই কথা বলার জন্য। আজ অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে, মুসলমানদের একথা জানা নেই যে, জিহাদ কাকে বলে, অথচ জিহাদ এই রকম গুরুত্বপূর্ণ একটি ফরজ যা সম্পর্কে পবিত্র কোরআনে দীর্ঘ আলোচনা করা হয়েছে। কোন কোন মুফাস্সির লিখেছেন যে, কোরআনের লক্ষ্য-ই হলো জিহাদ। কেউ কেউ বলেছেন যে, তৌহিদের পর যে বিষয় সবচাইতে বেশি কোরআনে আলোচনা করা হয়েছে, তা জিহাদ।

ইসলামের প্রাথমিক যুগে উম্মতের বাচ্চাগণও একথাটা বুঝতো। তারা নিজে দাঁড়িয়ে মহানবী (স.) এর কাছে অনুরোধ করতো জিহাদে যাওয়ার জন্য। এমন কি তারা নিজেরা প্রতিযোগিতা হিসাবে কুস্তি পর্যন্ত করতো, অথচ আজ একথাটি উম্মতের যুবকদেরও বুঝে আসছে না। যে বিষয়টা উম্মতের মহিলারা তৎকালীন সময় বুঝতো, তা আজ উম্মতের পুরুষেরা পর্যন্ত বুঝতে পারছে না। হযরত খাওলা (রা.) শাম বিজয়ের সময় এক ময়দানে বড় বড় তিনটি কাফের কামান্ডারকে কতল করেছিলেন। আজ উম্মতের পুরুষদেরকে, যুবকদেরকে বুঝাতে হয়- জিহাদের অর্থ কি? জিহাদ কাকে বলে? কিতাল কাকে বলে? আজ সবাই স্বঘোষিত মুজাহিদ। যে দু'এক কথা বক্তব্য দিতে পারেন তিনিও মনে মনে মুজাহিদ। যিনি দু'কলম লিখে ফেলেছেন তিনিও মনে মনে মুজাহিদ। যে ট্যাক্সি চালায় সেও বলে এটাও যে একটা জিহাদ। যে বাচ্চা রক্ষণাবেক্ষণ করে সেও বলে জিহাদে আছি। বুঝে আসে না আজ গোটা উম্মত জিহাদে থাকার পরও উম্মতের উপর এত জুলুম, অত্যাচার এবং অপমান আসে কিভাবে? জিহাদের সাথে তো ইজ্জতের সম্পর্ক। জিহাদের মাধ্যমে তো উম্মতের ইজ্জত, সম্মান বৃদ্ধি পায় এবং খিলাফত প্রতিষ্ঠিত হয়। কিন্তু চারিদিকে শুধু মুজাহিদ আর মুজাহিদ থাকার পরও উম্মত আজ এত অপমানিত, মুসলমানদেরকে গণহারে হত্যা করা হচ্ছে, পবিত্র কোরআনকে অপমান করার জন্য জ্বালানো কিংবা মলমূত্র পরিস্কারের জন্য ব্যবহার করছে, (বাবরী মসজিদ শহীদ করা হয়েছে) মসজিদে আকসা ইহুদীদের দখলে।

বুঝে আসে না যে, যারা নিজেদেরকে মুজাহিদদের থেকে একটু নিচে স্থান দিতে প্রস্তুত নয়, যারা নিজের ঘরের মাটিকেও জিহাদের ময়দান মনে করছেন, যারা ঘরের চেয়ারে বসাকেও জিহাদের সমান ফজিলত মনে করছেন,তাদের জিহাদগুলো কি ধরণের জিহাদ?

হে আমার প্রিয় মুসলিম উম্মাহ! মহান আল্লাহ্ পাক যে এবাদতের নাম যা রেখেছেন তা সেই এবাদতের জন্য-ই ব্যবহৃত হয়। উত্তমরূপে জানা উচিত যে, জিহাদের মস'আলা বুঝাই ঈমানকে বুঝা। কারণ; ফেকাহের কিতাবসমূহে বলা হয়েছে, জিহাদ অস্বীকার যে করবে সে কাফের হয়ে যাবে। সামান্য একটি সুন্নতকে নিয়ে যদি কেউ তামাসা করে তবে তার ঈমান পূর্ণ থাকবে না। মিসওয়াক কি? এই কথা যদি কেউ অবজ্ঞার সাথে বলে তবে তার ঈমান সন্দেহের মধ্যে বুঝতে হবে। এখন চিন্তা করুন; যে ব্যক্তি ফরজ জিহাদ সম্পর্কে অবজ্ঞা করে তার ঈমান কোথায় রইলো? উলামাদেরকে জিজ্ঞাস করুন যে, জিহাদ এত বড় ও উন্নত ফরজ যে, কোরআন অবতীর্ণ হওয়ার সময় থেকে-ই এর সাথে সম্পর্ক রয়েছে।

জিহাদ সম্পর্কে কোরআনের ভাষ্য :

আপনি কোরআনকে জিহাদ সম্পর্কিত ছোট বড় যে কোন বিষয়ে প্রশ্ন করুন, সে আপনার উত্তর দিবে। আপনি যদি কোরআনকে জিজ্ঞাস করেন- হে কোরআন! আমাকে বলে দাও জিহাদের হুকুম কি?

কোরআনে পাক উত্তর দিবে- كتب عليكم القتال তোমার উপর জিহাদ ফরজ করে দেওয়া হয়েছে। (সুরা বাকারা-২১৬)

যদি জিজ্ঞাস করেন, হে কোরআন! আমরা জিহাদ করলে আল্লাহর কাছ থেকে কি পাবো?

কোরআনে পাক বলবে- ان الله يحب الذين যারা আল্লাহর রাস্তায় সারিবদ্ধ হয়ে জিহাদ করে তাদেরকে আল্লাহ ভালোবাসেন। (সুরা সফ-৪)

যদি জিজ্ঞাস করেন, হে কোরআন! বলে দাও আমাদের কতদিন লড়াই করতে হবে?

কোরআন বলবে- وقاتلوهم حتى لا يكون فتنة ويكون الدين كله لله

যতদিন দুনিয়ায় ফিৎনা ফ্যাসাদ এবং কুফরী শক্তিশালী থাকবে ততোদিন তোমাদের লড়াই করতে হবে। (সুরা আনফাল-৩৯)

যদি জিজ্ঞাস করেন যে, এই লড়াই করে লাভ কি হবে?

সে উত্তরে বলবে-এতে তোমাদের কম পক্ষে ছয়টি উপকার হবে।

যথা-এক قاتلوهم يعذبهم الله بايديكم

অতীতে যে কাজ মহান আল্লাহ পাক হযরত জিব্রাইল (আ.) এর মাধ্যমে করাতেন আজ তা তোমাদের মাধ্যমে করাতে চাচ্ছেন। অতীতে দ্বীনের শত্রুদেরকে হযরত জিব্রাইল (আ.) এর মাধ্যমে শাস্তি দেওয়া হতো, আজ তোমাদের হাতের মাধ্যমে দিতে চাচ্ছেন।

দুই- ويخزهم

আল্লাহ পাক জিহাদের মাধ্যমে কাফেরদেরকে অপমানিত করে দিবেন। তাদের পরিচিতি এবং সংস্কৃতি কিছুই নিজস্ব থাকবে না। তারা দুনিয়ায় অপমানিত এবং অশান্তিতে থাকবে।

তিন- ويشف صدور قوم مؤمنين

তোমাদের মন শান্তনা পাবে। আজ যে সকল মুসলমান কাঁদছে- যেমন, বোসনিয়ায় মুসলিম মা-বোনদের ইজ্জত ধ্বংস করা হয়েছে, কাশ্মীরে এখনো ধ্বংস লীলা চলছে, বাবরী মসজিদ শহীদ করে দেওয়া হয়েছে, জেরুজালেমে মসজিদুল আকসা ইহুদীদের দখলে। জিহাদ প্রতিষ্ঠিত হলে তাদের মনে শান্তনা পাবে।

চার- ويذهب غيظ قلوبهم

জিহাদের মাধ্যমে তোমাদের মনের রাগ ও হিংসা কাফেরদের উপর মিটে যাবে। ফলে তোমাদের নিজেদের মধ্যে আর কোন রাগ বা হিংসা থাকবে না। আর তোমরা নিজেরা একে অন্যের ভাই হয়ে যাবে।

পাঁচ- وينصركم عليهم

আল্লাহ তোমাদেরকে বিজয়ী করে দিবেন এবং তিনি সাহায্য করবেন বাতাস, ফেরেস্তা ইত্যাদিসহ প্রত্যেক জিনিষের মাধ্যমে।

ছয়- ويتوب الله على من يشاء

আল্লাহ তোমাদের মধ্যে অনেককে ক্ষমা করে দিবেন। হে কোরআন! তুমি বলো, জিহাদে গেলে অন্য মানুষের সামনে আমাদের ইজ্জত কতটুকু বৃদ্ধি পাবে?

পবিত্র কোরআন জানিয়ে দিচ্ছে-

فضل الله المجاهدين على القاعدين اجرا عظيما

তোমাকে গোটা উম্মতের উপর সম্মানিত করা হবে।

হে কোরআন! এর প্রমাণ কি?

উত্তরে কোরআন বলছে- والعاديات ضبحا فالموريات قدحا

এর প্রমাণ হচ্ছে মহান আল্লাহ পাক মুজাহিদদের ঘোড়ার কসম করেছেন।

হে কোরআন! বলে দাও আমরা প্রথম কার সাথে জিহাদ করবো?

কোরআন বলছে- فقاتلوا اولياء الشيطن .... فقاتلوا ائمة الكفر

শয়তানের দালালদের সাথে লড়াই কর এবং কাফেরদের বড় বড় নেতাদেরকে কতল কর।

হে কোরআন! তুমি আমাকে বলে দাও আমি ময়দানে গিয়ে কি ভাবে লড়াই শুরু করবো?

কোরআন বলছে- اذا لقيتم فئة فاثبتوا

দৃঢ়তার সাথে লড়াই কর।

হে কোরআন! তুমি আমায় বলে দাও আমি কিভাবে দৃঢ় থাকবো যেখানে চারিদিক থেকে গুলি বর্ষণ হচ্ছে, উপর থেকে বোমা নিক্ষেপ হচ্ছে এবং নীচ থেকে মাইন ফাটছে?

কোরআন বলছে- فاذكروا الله

এমন সংকটময় অবস্থায় আল্লাহকে ডাকবে। উপর, নীচ, এবং চারিদিকের সকল প্রস্তুতিকে আল্লাহ্ প্রতিহত করবেন।

হে কোরআন! তুমি বলে দাও যদি জিহাদের ময়দানে মৃত্যু আসে তবে কি মরে যাবো এবং মানুষ কি আমাদেরকে মৃত ব্যক্তি বলবে?

কোরআন বলছে, আমি মানুষদের মুখ বন্ধ করে দিয়েছি এই বলে যে,

ولا تقولوا لمن يقتل فى سبيل الله امواتا

হে মানুষগণ! আমার রাস্তায় যারা শহীদ হয় তাদেরকে মৃত বলো না। হে কোরআন! মৃততো বলবে না। কিন্তু মৃত হিসাবে তো ধারণা করবে? কোরআন বলছে, আমি এই ব্যাপারেও নিষেধাজ্ঞা লাগিয়ে দিয়েছি-

ولا تحسبن الذين قتلوا فى سبيل الله امواتا

আমার রাস্তায় শাহাদতবরণকারীকে মৃত বলে ধারণা করো না।

হে কোরআন! শাহাদতের পর কি আমাদের আমল বন্ধ হয়ে যাবে?

কোরআন বলছে, কে বলছে বন্ধ হয়ে যাবে?

والذين قتلوا فى سبيل الله فلن يضل اعمالهم

যে আল্লাহর রাস্তায় শহীদ হবে তার আমল বন্ধ হবে না।

হে কোরআন আমরা জিহাদ না করলে কি জিহাদ বন্ধ হয়ে যাবে?

কোরআন বলছে; না। الا تنفروا يعذبكم عذابا اليما

তোমরা জিহাদ না করলেও জিহাদ বন্ধ হবে না, তবে তোমাদেরকে শাস্তি প্রদান করা হবে। এই শাস্তির স্বরূপ এই রকম-

ويستبدل قوما غيركم

তোমাদের পরিবর্তে আল্লাহ অন্য এক জাতিকে নিয়ে আসবেন জিহাদের জন্য।

হে কোরআন!ঐ জাতির বৈশিষ্ট কি হবে?

কোরআনের উত্তর হবে, اذلة على المؤمنين اعزة على الكافرين

তারা ঈমানদারদের সামনে বিনয়ী হবে এবং কাফেরদের সামনে শক্ত থাকবে।

